

রাজশাহীর বেসরকারি মির্জা নার্সিং কলেজের শিক্ষার্থীরা বিক্ষোভ করেছেন। নগরীর তেরোখাদিয়া স্টেডিয়াম মোড়ে কলেজের সামনে শনিবার সন্ধ্যায় বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এতে বিএসসি ইন নার্সিংয়ের চারটি ব্যাচের প্রায় ১৫০ শিক্ষার্থী অংশ নেন। শিক্ষার্থীরা জানান, অন্য কলেজে ফরম পূরণের ফি কলেজে ফি পাঁচ হাজার। নিয়ম-নীতির তোয়াক্কা না করে কর্তৃপক্ষ শিক্ষার্থীদের জিম্মি করে ফি আদায় করছে। এর প্রতিবাদ করলে উলটো জরিমানা হাসপাতাল না থাকায় তাদের ক্লিনিক্যাল প্র্যাকটিস করা হয় না। এতে তারা প্র্যাকটিক্যাল শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছেন। কলেজে ভালো কোনো শিক্ষা চলছে। এসবের প্রতিবাদেই তারা এই কর্মসূচি শুরু করেছেন। যতদিন সমস্যার সমাধান না হচ্ছে ততদিন তারা এ ধরনের কর্মসূচি পালন করবে। কলেজের ব্যবস্থাপনা পরিচালক মির্জা ফারুক বলেন, অতিরিক্ত ফি আদায় কিংবা অন্য কোনো সমস্যা নয়। মূলত ক্লিনিক্যাল প্র্যাকটিস করানো যাচ্ছে।

তিনি বলেন, ‘আমাদের নিজস্ব হাসপাতাল নেই। তাই রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে নিয়ে ক্লিনিক্যাল প্র্যাকটিস করাতে হয়। করোনার আগে করিয়েছি। কিন্তু করোনা শুরু হওয়ায় বন্ধ হয়ে গেছে।’

তিনি আরও বলেন, ‘সরকারি হাসপাতালে ক্লিনিক্যাল প্র্যাকটিস করানো হয় বলে এটা আমাদের হাতে নয়। আমরা হাসপাতালের পরিচালকের সঙ্গে দেখা করেছি। তিনি প্রাথমিকভাবে সম্মত। প্র্যাকটিস শুরু করাতে পারব।’